কুষ্টিয়ায় দিশার সহায়তায় সেলাই মেশিন পেলেন গৃহিণী লতা পারভীন

অভাব-অনটনের সংসারে ঠিকমতো খাবার জোগানো যেন দায় হয়ে পড়েছিল। এ অবস্থায় দরিদ্র পরিবারটির পাশে দাঁড়িয়েছে কুষ্টিয়ার দিশা স্বেচ্ছাসেবী আর্থ সামাজিক উন্নয়ন সংস্থা।

দৌলতপুর উপজেলার বাসিন্দা লতা পারভীনের হাতে তুলে দিয়েছে একটি সেলাই মেশিন। সেলাই প্রশিক্ষণ গ্রহণ করেছিলেন তিনি। অন্যের সেলাই মেশিনের সহায়তায় পোশাক তৈরির কাজ করছেন বাড়ীতেই। আর তার এমন উদ্যোমী হওয়ার কথা শুনে এই সেলাই মেশিন উপহার হিসেবে তুলে দেওয়া হয়। এই সেলাই মেশিন দিয়ে নিজেকে প্রতিষ্ঠিত করার পথ বেছে নিয়েছেন লতা পারভীন।

আজ মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ে লতা পারভীনের হাতে সেলাই মেশিন তুলে দেন জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা।
এসময় দিশা সংস্থার নির্বাহী পরিচালক মো: রবিউল ইসলাম, সহকারী পরিচালক এমআর ইসলামসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা বলেন, অন্যের বাড়ীতে সেলাইয়ের কাজ করে জীবিকা নির্বাহ করা নারীকে সেলাই মেশিন উপহার দিয়ে যে মানবিকতা দেখিয়েছে দিশা সত্যি প্রশংসনীয় কাজ এটি। শুধু এটিই নয়, আর্থসামাজিক উন্নয়নে নিরলসভাবে কাজ করে চলেছে প্রতিষ্ঠানটি। পাশাপাশি বিভিন্ন সময়ে মানবিক কাজের সাথে সম্পৃক্ত রয়েছে। তিনি আরও বলেন, দিশা সংস্থা সব সময় মানুষের পাশে থাকে। অসহায়দের খুঁজে বের করে যেভাবে স্বাবলম্বী করার চেষ্টা করছে, তা নজিরবিহীন। তাদের এই কল্যাণমূলক কাজের ধারা অব্যাহত থাকুক—এই কামনা করি।’

দিশা সংস্থার নির্বাহী পরিচালক মো: রবিউল ইসলাম জানান, সমাজের সুবিধাবঞ্চিত মানুষের জন্য কাজ করতে ভালোলাগে। এই ভালোলাগা থেকেই মানুষের কল্যাণে দিশা সংস্থা মানুষের পাশে নিবেদিত প্রাণ হিসেবে কাজ করে আসছে। সেলাই মেশিন বিতরণ, হুইল চেয়ার বিতরণসহ নানান ধরনের সামাজিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত রয়েছে। ভবিষ্যতে এ ধরনের সামাজিক কর্মকান্ড অব্যহত থাকবে।

সেলাই মেশিন পেয়ে আবেগেআপ্লুত হয়ে, লতা পারভীন জানান, সেলাইয়ের

কাজ শিখেছি, অন্যের বাড়ীতে কাজ করি। সেলাই মেশিন না থাকায় অন্যের উপর নির্ভর করতে হতো। আজকে সেলাই মেশিন পেয়ে খুবই ভালো লাগছে আমার। এই মেশিন চালিয়ে আর্থিকভাবে সচ্ছল ও স্বাবলম্বী হতে পারবো আমি ও আমার পরিবার। তিনি আরও জানান, দিশার পরিচালকের জন্য নামাজ শেষে দুই হাত তুলে দোয়া করব, যেন আল্লাহ তাদের সব সময় ভালো রাখে।’

কুষ্টিয়ায় সপ্তাহব্যাপী হাঁস মুরগী পালন প্রশিক্ষণ সম্পন্ন ও সনদপত্র প্রদান

কুষ্টিয়ায় সপ্তাহব্যাপী হাঁস মুরগী পালন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আজ মঙ্গলবার বিকেলে কুষ্টিয়া পৌরসভার ৩ নং ওয়ার্ডে কুঠিপাড়া বড় ড্রেনের মোড় সংলগ্ন কমিউনিটি সেন্টারে সমাপনী অনুষ্ঠানে সনদপত্র প্রদান করা হয়।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সনদপত্র প্রদান করেন কুষ্টিয়া সদর উপজেলার যুব উন্নয়ন কর্মকর্তা আতিকুল ইসলাম।

‘স্বপ্ন প্রয়াস যুব সংস্থা’র সভাপতি সাদিক হাসান রহিদের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন সহকারী যুব উন্নয়ন অফিসার মিজানুর রহমান, প্রশিক্ষক আবুল মিয়া, সংস্থার যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ চমক, কোষাধ্যক্ষ তানজিল, সাংগঠনিক সম্পাদক রুম্পা খাতুন প্রমুখ।

পরে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র প্রদান করেন অতিথিবৃন্দ। এতে ৩০ জন উদ্যোমী তরুণ তরুণী অংশগ্রহণ করে।

এর আগে গত ১৪ই ফেব্রুয়ারি সপ্তাহব্যাপী পারিবারিক হাঁস- মুরগী পালন অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়।

২০১৮ সালে কিছু উদ্যোমী তরুণদের নিয়ে গঠন করা হয় ‘স্বপ্ন প্রয়াস যুব সংস্থা’র নামের এ সংগঠনটি। এ সংগঠনের মাধ্যমে বেকার যুব ও

যুব নারীদেরকে যুব উন্নয়ন অধিদপ্তরসহ বিভিন্ন অফিসের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে আত্মকর্মী হিসেবে গড়ে তুলে যাচ্ছেন। ইতোমধ্যে এ সংগঠনের মাধ্যমে কয়েক শতাধিক বেকার যুব ও যুব নারীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী হিসেবে গড়ে তুলেছেন। ‘স্বপ্ন প্রয়াস যুব সংস্থা’র সভাপতি আত্মকর্মী যুবক সাদিক হাসান রহিদ বলেন, আমি যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে প্রশিক্ষণ নিয়ে প্রশিক্ষণলব্দ জ্ঞান বাস্তব জীবনে প্রয়োগ করি। কোন সরকারী চাকুরীর দিকে না তাকিয়ে বেকার জনগোষ্ঠীদের নিয়ে কাজে নেমে যায়।

গাংনীতে আশ্রয় নারী উন্নয়ন সংস্থার উদ্যোগে শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

“ভাল থাকা ও ভালো রাখা” শ্লোগান নিয়ে গাংনীতে “আশ্রয় নারী কল্যাণ সংস্থা”র উদ্যোগে অসহায় শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামে সংস্থার কার্যালয়ে সাহারবাটি ইউনিয়নের শতাধিক অসহায় দরিদ্র নারী পুরুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়।

আশ্রয় নারী উন্নয়ন সংস্থা’ র সহসভাপতি ঝুমুর আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

বিশেষ অতিথি ছিলেন গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (পিআইও) নিরাঞ্জন চক্রবর্তী, গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসার নাছিমা খাতুন, উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংস্থার নির্বাহী পরিচালক আজিজুল

হক রানু।

আশ্রয় নারী উন্নয়ন সংস্থার সাধারণ সম্পাদক রাহিয়া রাহির সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাহারবাটি ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের সদস্য (মেম্বর) রিপন হোসেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেন, নিজ নিজ যায়গা থেকে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর উচিৎ। শুধু সরকারি সাহায্য সহযোগীতা নয়, অসহায় দরিদ্র মানুষের পাশে দাঁড়াতে সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে হবে। টাকার দিক দিয়ে নয়, যারা মনের দিক থেকে বড় তাদেরকেই বড় হিসেবে দেখতে হবে।

প্রধান অতিথি প্রীতম সাহা আরও বলেন, আমাদের সন্তানদের লেখাপড়া শেখাতে হবে। তারাও যেনো বড় হয়ে মানুষের পাশে দাঁড়াতে পারে। নিজ নিজ সন্তানকে মাদক, ইভিটিজিং, সন্ত্রাস ও বাল্য বিবাহমুক্ত রাখার অনুরোধ করেন তিনি এবং সবাই মিলে গাংনীকে বাসযোগ্য, মানবিক ও সুন্দর উপজেলা গড়ে তুলতে হবে বলে জানান।

উল্লেখ, আশ্রয় নারী উন্নয়ন সংস্থা ও উপজেলা প্রশাসনের উদ্যোগে সাহারবাটি ইউনিয়নের শতাধিক অসহায় দরিদ্র নারী পুরুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়।

মেহেরপুরে বাঁধন কার্যক্রমের ১ বছর পূর্তি ও নতুন অফিস কক্ষের উদ্বোধন

মেহেরপুর সরকারি কলেজ বাঁধন (স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন) কার্যক্রমের ১ বছর পূর্তি ও নতুন অফিস কক্ষ উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে মেহেরপুর সরকারি কলেজের হল

রুমে বাঁধন (স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন) কার্যক্রমের ১ বছর পূর্তি উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা শেষে নতুন অফিস কক্ষের উদ্বোধন করা হয়।

মেহেরপুর সরকারি কলেজ বাঁধনের (স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন) আহবায়ক সবুজ আলীর সভাপতিত্বে রাষ্ট্রবিজ্ঞানের সরকারি অধ্যাপক বশির আহমেদের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ ড. এ. কে. এম. নজরুল কবীর।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজ রাষ্ট্রবিজ্ঞানের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, অর্থ অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক হাবিবুর রহমান, রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল লতিফ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে প্রভাষক তৌফিকুল ইসলাম সহ বাঁধন (স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন) এর সদস্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বঞ্চিতজন সংগঠনের ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহ সদর উপজেলায় বঞ্চিতজন সংগঠনের ১০ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ সোমাবার বিকালে সাধুহাটী ইউনিয়নের বংকিরা গ্রামের হাওন ঘাটা মাঠে বঞ্চিত জনদের নিয়ে প্রতিবছরেরন্যায় এই প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল।

বিশেষ অতিথি হিসেবে সাধুহাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাজী নাজির উদ্দিন, সাবেক চেয়ারম্যান মিজানুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাব সভাপতি এম রায়হানসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে

সভাপতিত্ব করেন বঞ্চিতজন সংগঠনের সভাপতি আনোয়ার পাশা বিদ্যুত। অনুষ্ঠানে অতিথি আপ্যায়নের জন্য প্রধান অতিথি সংগঠনের সভাপতির নিকট ৩০হাজার টাকা এবং অবকাঠামো উন্নয়নের জন্য ঝিনাইদহ-২ আসনের এমপি নাসের শাহরিয়ার জাহেদী মহুলের পক্ষ থেকে ২লাখ টাকার অনুদান ঘোষণা করেন। অনুষ্ঠানে ৫শতাধিক বঞ্চিতজনকে আপ্যায়ন করা হয়।

মেহেরপুরে জাগো মেহেরপুর সংগঠনের উদ্যোগে চাদর বিতরণ

মেহেরপুরের জাগো মেহেরপুর সংগঠনের উদ্যোগে অসহায়, দরিদ্র এবং রিকশা চালোকদের মাঝে চাদর বিতরণের আয়োজন করা হয়।

আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) বিকেলে মেহেরপুর পাবলিক লাইব্রেরীর হল রুমে চাদর বিতরণের আয়োজন করা হয়।

জাগো মেহেরপুর সংগঠনের আহ্বায়ক সিরাজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজিব হাসান।

বিশেষ অতিথি হিসেবে ছিলেন মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, জাগো মেহেরপুর সংগঠনের মুখপাত্র শোয়েব রহমান সহ জাগো মেহেরপুর সংগঠনের বিভিন্ন কর্মীবৃন্দ।

জাগো মেহেরপুর সংগঠনের উদ্যোগে চাদর বিতরণ অনুষ্ঠানের সঞ্চালনা করেন জাগো মেহেরপুর সংগঠনের যুগ্ম আহবায়ক আব্দুল আলিম।

উল্লেখ্য,জাগো মেহেরপুর সংগঠনের উদ্যোগে মেহেরপুর শহর ও গাংনী পৌর এলাকার ৭০০ ভ্যান চালকদের মাঝে চাদর বিতরণ করা হয়েছে।

বঙ্গবন্ধু কৃষক, শ্রমিক খেটে খাওয়া মানুষকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন- এমপি সাগর

মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের কৃষক, শ্রমিক খেটে খাওয়া মানুষকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন। আপনারা সেই সমাজের মানুষ। বঙ্গবন্ধুর উত্তরসূরী হিসেবে আমরাও সেই সম্মান রাখতে চাই।

আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী উপজেলা অডিটরিয়ামে ভ্যান চালকদের মাঝে চাদর বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

জাগো মেহেরপুরের আয়োজনে স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা আশ্রয় নারী উন্নয়ন সংস্থা, বিশ্বাস পরিবার ও সচিন্দ্র বিশ্বাস ফাউন্ডেশন এই শীতবস্ত্র বিতরণ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাগো মেহেরপুরের আহবায়ক, বিশ্বাস পরিবারের মুখপত্র ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী বাজার কমিটির সভাপতি সালাহউদ্দিন শাওন, জাগো মেহেরপুরের মুখপাত্র শোয়েব রহমান।

জাগো মেহেরপুরের যুগ্ম আহবায়ক আব্দুল আলীমের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আশ্রয় নারী উন্নয়ন সংস্থার পরিচালক আজিজুল হক রানু, সচিন্দ্রনাথ বিশ্বাস ফাউন্ডেশনের পরিচালক অশোক চন্দ্র বিশ্বাস প্রমুখ।

জাগো মেহেরপুরের আহবায়ক ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত শীতবস্ত্র (চাদর) বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডাক্তার এএসএম নাজমুল হক সাগর বলেন শেখ হাসিনা সরকারের বিগত তিনবারের উন্নয়ন দেখে দেশবাসী আবারও নৌকা মার্কায় ভোট দিয়েছেন। উন্নয়নের সেই ধারাবাহিকতায় বর্তমান সরকার

উন্নয়ন অব্যাহত রাখবে। আর যে জাতি যত সুশৃঙ্খল, সেই জাতিই উন্নতি করবে। বিগত দিনে গাংনীর মানুষ সেটা দেখিয়েছেন। গাংনী উপজেলার প্রতিটি শ্রেনী পেশার মানুষ এখন সুশৃংখল ও দায়িত্ব শীল।

গাংনীর মানুষের চিকিৎসা ক্ষেত্রে সব সময় পাশে থাকার আশ্বাস দিয়ে প্রধান অতিথি আরও বলেন, গাংনীর মানুষের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্েসে পুর্ণাঙ্গ সেবাদানের জন্য তৈরী করা হবে। আপদে বিপদে একে অপরের পাশে দাঁড়িয়ে সহযোগিতা করার আহবান জানান প্রধান অতিথি।

উল্লেখ্য,জাগো মেহেরপুরের উদ্যোগে মেহেরপুর শহর ও গাংনী পৌর এলাকার ৭০০ ভ্যান চালকদের মাঝে শীতবস্ত্র (চাদর) বিতরণ করা হয়েছে।

মুজিবনগরে কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মুজিবনগরে গ্রামের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে সহযোগিতার মাধ্যমে সাধারণ মানুষকে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে। ২০১৭ সালে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামে গড়ে ওঠে মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। গ্রামের সাধারণ জনগোষ্ঠীর নিজেদের টাকার সঞ্চয় দিয়ে তিল তিল করে গড়ে ওঠে মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। এই ক্রেডিট ইউনিয়ন স্বচ্ছতার মাধ্যমে বিভিন্ন স্কিম এর আওতায় তাদের ৯৮৬ জন সদস্যদেরকে সেবা দিয়ে যাচ্ছে।

সেই ক্রেডিট ইউনিয়ন মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ৭ তম বার্ষিক সাধারণ সভা -২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) সকাল সাড়ে নয় টার সময় মুজিবনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন এর অফিস প্রাঙ্গনে এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান মনিরুল ইসলামের সভাপতিত্বে এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সদস্য ওমর ফারুকের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সমবায় অফিসার জহুরুল ইসলাম।

প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সাধারণ সম্পাদক রকিবুল ইসলাম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ড সদস্য সোহরাব হোসেন, মুজিবনগর কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সহ সভাপতি জাহাঙ্গীর আলম, জেনারেল ম্যানেজার মতিয়ার রহমান, সদস্য শাহজাহান গাজী।

এসময় মুজিবনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারী এবং মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ৯৮৬ জন সদস্য ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় সবুজ সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক কর্মচারী ইউনিয়নের সবুজ সংগঠন কার্যলয়ে দোয়া ও কমী সমাবেশ অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) সকাল ১১ টায় সময় সবুজ সংগঠনের নিজ কার্যলয়ে এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়।

এ সমাবেশে কেরু এ্যান্ড কোম্পানীর ফোরম্যান রবিউল হোসেনের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন, দুই বারের কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়ন ও বর্তমান সভাপতি সবুজ সংগঠনের কর্নধর ফিরোজ আহম্মেদ সবুজ।

এ সময় তিনি বলেন, আগামী ২৫ সালের নির্বাচন হবে খুবুই গুরুত্বপূর্ণ। তাই আপনারা যারা আমার সাথে আছেন এবং আমাকে সভাপতি

বানিয়েছেন আপনাদের কথা ভুলবার নয়। তাই শ্রমিকদের স্বার্থে যা যা করার দরকার আমি করব। আপনাদের উপরে অনেক হুমকি ধামকি আসতে পারে তা আমি শক্ত হাতে দমন করব। তাই আগামী বছর নির্বাচনে আপনারা কাধে কাধ মিলিয়ে সবুজ সংগঠনের হাতকে শক্তিশালী করবেন।

এ সমাবেশে আরও বক্তব্য রাখেন, কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সহ সভাপতি মফিজুল ইসলাম, সহ সভাপতি রেজাউল করিম, সহ সম্পাদক হাফিজুল ইসলাম, কোষাধ্যক্ষ আবু সাঈদ, ড্রাইভার আঃ রাজ্জাক, মিরাজুল ইসলাম, শ্রমিক কর্মচারী ইউনিয়নেন সদস্য কামরুল হাসান লোমান, মানিক হেসেন।

এ কর্মী সমাবেশে কোরআন তেলোওয়াত ও দোয়া পাঠ করেন, কেরুজ জামে মসজিদের মুয়াজ্জিন নেছার উদ্দিন। অনুষ্টানটি সার্বিক পরিচালনা ও উপস্থাপনা করেন সিডিএ বর্তমান কেবিনেটের সদস্য হারিজুল ইসলাম।

বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় সেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের(পদ্মা জোন) বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার চুয়াডাঙ্গা সরকারি কলেজের ব্যবসায় প্রশাসন ভবনের হল রুমে সকাল দশটার সময় বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তরের আয়োজন করা হয়।

বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের কার্যকরী পরিষদ-২০২৩ এর সভাপতি আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের দপ্তর সম্পাদক হাসিবুল হাসান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি

মৌসুমি, মেঘলা সহ বাঁধন সংগঠনের কর্মীবৃন্দ।